গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**প্রকল্পের মেয়াদশেষের আগেই অভিজ্ঞ প্রকল্পপরিচালকদের অবসরে যাওয়া নয়**

# চাকরি অন্তত চারবছর আছে, এমন অফিসারদেরই পিডি নিযুক্ত করতে হবে

তথ্যবিবরণীঃ
ঢাকা, ২৮ এপ্রিল, ২০১৯:
মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু ঠিকাদারদের নিকট থেকে মন্ত্রণালয়ের উন্নয়নপ্রকল্পসমূহের ১০০% কাজ আদায়ে প্রকল্পপরিচালকদের ঢাকার প্রধানকার্যালয়ে বসে না থেকে ঘনঘন মাঠের কার্যক্রম-পরিদর্শনের প্রয়োজনের ওপর গুরুত্বারোপ করেছেন। প্রকল্পের মেয়াদশেষের আগেই অভিজ্ঞ পিডিদের অবসরে যাওয়া এবং অসময়ে অনভিজ্ঞ নতুন পিডি-নিয়োগে চলমান কাজের মারাত্মক ক্ষতির কথা উল্লেখ করে তিনি বলেন, চাকরি অন্তত চারবছর আছে, এমন অফিসারদেরই পিডি হিসেবে নিয়োগ দিতে হবে যাতে তারা সফলভাবে প্রকল্পের সমাপ্তি টানতে পারেন।

তিনি আজ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ উপখাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) ৯ মাসের কাজের রিভিউসংক্রান্ত সভায় সভাপতিত্ব করছিলেন।

প্রতিমন্ত্রী যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্তিকরণের নির্দেশ দিয়ে পিছিয়ে পড়া প্রকল্পের মেয়াদবৃদ্ধির বিরোধিতা করে প্রকল্পপরিচালকদের বলেন, যেনতেন রকম রিপোর্ট নয় বরং এডিপি-সভায় কাজের অগ্রগতির বাস্তবসম্মত ফলাফল নিয়ে আসতে হবে। তিনি মন্ত্রণালয়ের গতিশীলতাবৃদ্ধিসহ প্রকল্পের কাজের যথাযথ মানরক্ষায় তদারকিবৃদ্ধিরও আহবান জানান। সভায় অনেক প্রকল্পের কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত হবে না জেনে তিনি ক্ষোভপ্রকাশ করেন।

চলতি ২০১৮-১৯ অর্থবছরে প্রাণিসম্পদ উপখাতের ২৪টি প্রকল্পে বরাদ্দকৃত ৩৬৩ কোটি দুইলাখ টাকা মধ্যে জুলাই-২০১৮ থেকে মার্চ-২০১৯ পর্যন্ত ৯ মাসে মোট ব্যয় হয়েছে ১৮৪ কোটি ৮৫ লাখটাকা, যার বাস্তবায়নের হার প্রায় ৫১%। বিগত ২০১৭-১৮ অর্থবছরে ২২টি প্রকল্পে বরাদ্দ ছিল ৪১৭ কোটি ২২ লাখটাকা এবং একই সময়ে ব্যয় হয়েছিল ২২২ কোটি ৭০ লাখটাকা।

উল্লেখ্য যে, মন্ত্রণালয়ের ৩টি সংস্থা প্রকল্পগুলোর বাস্তবায়নের কাজ করছে। তন্মধ্যে প্রাণিসম্পদ অধিদফতর (DLS) ৩৩২ কোটি ২৫ লাখটাকা ব্যয়ে ১৭টি, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI) ২৮ কোটি ৭৭ লাখটাকা ব্যয়ে ৬টি এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (BVC) দু'কোটি টাকা ব্যয়ে ১টি প্রকল্পবাস্তবায়নের কাজ করে যাচ্ছে। বলাবাহুল্য, জাতীয় গড় অগ্রগতি হার ৪৭.২৪% এর নিচে রয়েছে এমন প্রকল্পগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে DLS এর ৯টি, BLRI এর ২টি এবং BVC এর ১টি।

প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) সুবোল বস মনি, প্রাণিসম্পদ অধিদফতরের ডিজি হীরেশ রঞ্জন ভৌমিক, প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ডিজি নাথুরাম সরকার, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাসহ প্রকল্পের পিডিগণ উপস্থিত ছিলেন।

**(মোঃ শাহ আলম)**
সিনিয়র তথ্য অফিসার (**পিআরও**)
০১৫১১৬৭৭৬৭৮ (মোবাঃ)